মিঠুনের ব্যাটে জয়ে প্রস্তুতি সারল বাংলাদেশ

একদিন আগে আফগানিস্তান ‘এ’ দলের বিপক্ষে দারুণ এক ইনিংস খেলেছেন মোহাম্মদ মিঠুন। কিন্তু সেঞ্চুরি করে আত্মবিশ্বাস বাড়িয়ে নিতে পারেননি। আফগান ‘এ’ দলের বিপক্ষে বাংলাদেশ ‘এ’ দলও টানা দুই ম্যাচে হারে। শ্রীলংকা বোর্ড প্রেসিডেন্ট একাদশের বিপক্ষে প্রস্তুতি ম্যাচে ৯১ রানের দারুণ এক ইনিংস খেলেছেন মোহাম্মদ মিঠুন। বিশ্বকাপের আগে যেমন ফর্ম দেখান। বিশ্বকাপের পরেও রান দেখা যাচ্ছে তার ব্যাটে। মিঠুনের সঙ্গে মুশফিকের ফিফটিতে শ্রীলংকা বোর্ড প্রেসিডেন্ট একাদশকে ৫ উইকেটে হারিয়েছে বাংলাদেশ।

জাতীয় দলের আদতে গড়া শ্রীলংকা বোর্ড প্রেসিডেন্ট একাদশ। যারা ব্যাট করেন তাদের মাত্র একজন জাতীয় দলে খেলেননি। বাকিদের শ্রীলংকার জার্সি গায়ে চাপানোর অভিজ্ঞতা আছে। বাংলাদেশের বিপক্ষে তিন ম্যাচ সিরিজের আগে শ্রীলংকা জাতীয় দলের ‘ছায়াদলটা’ ঝালিয়ে নেয়। প্রস্তুতি ম্যাচে টস জিতে ব্যাট করা শ্রীলংকা প্রেসিডেন্ট একাদশ শুরুতে ৩২ রানে ৩ উইকেট হারায়। সেখান থেকে ৮ উইকেট হারিয়ে বাংলাদেশকে ২৮৩ রানের লক্ষ্য দেয় শ্রীলংকা বোর্ড প্রেসিডেন্ট একাদশ।

জবাব দিতে নেমে বাংলাদেশ দলও ভালো শুরু করে। বিশ্বকাপে যেমন তামিম-সৌম্য ভালো শুরু দিয়ে তা এগিয়ে নিতে পারেননি। এখানেও তাই। দু’জন ৪৫ রান যোগ করেন। এরপর সৌম্য ১৩ রান করে ফেরেন। তামিম ভালো খেলতে খেলতে ৩৭ রান করে আউট হন। শ্রীলংকার বিপক্ষে সাকিবের অনুপস্থিতিতে তিনে ব্যাট করার দায়িত্ব পাওয়া মোহাম্মদ মিঠুন দলকে ভরসা দেন। তার সঙ্গে মুশফিক ৪৬ বলে ৫০ রানের ইনিংস খেলেন। মুশফিক ফিরলে মাহমুদুল্লাহ ৩৩ ও সাব্বির ৩১ রান করে জয়ের পথ এগিয়ে নেন।

এরআগে শ্রীলংকা প্রেসিডেন্ট একাদশের হয়ে ৬৩ বলে হার না মানা সর্বোচ্চ ৮৬ রান করেন দাশুন সানাকা। তার আগে সেহান জয়সুরিয়া করেন ৫৬ রান। এছাড়া শেষ দিকে ধনাঞ্জয়া ডি সিলভা ২৮ এবং মিডল অর্ডারে রাজাপাকশে ৩২ রান করলে ভালো সংগ্রহ পেয়ে যায় শ্রীলংকা।